প্রথম আলো

তারিখ 30 NOV 2006
পৃষ্ঠা ১৭ কলাম ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ক্যাম্পাসে সহাবস্থানের জন্য প্রশাসনকে ছাত্রদলের শর্ত শিক্ষকদের কর্মবিরতি স্থগিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ক্যাম্পাস ও হলে সহাবস্থানের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদল এবার প্রশাসনকে নতুন তিনটি শর্ত দিয়েছে। এ শর্ত না মানা হলে তারা ছাত্রলীগকে ক্যাম্পাসে বা হলে অবস্থান করতে দেবে না বলে হুমকি দিয়েছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ তাদের ধর্মঘট কর্মসূচি গতকাল বুধবার শিথিল করেছে। গত মঙ্গলবার থেকে কর্মবিরতি পালন করা বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী শিক্ষকেরা তাঁদের ভর্তি পরীক্ষা বয়কট কর্মসূচি স্থগিত করেছেন। গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে জরুরি বৈঠকের পর শিক্ষকেরা এ সিদ্ধান্ত নেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতির উত্তরণের জন্য ছাত্রদলের সঙ্গে প্রশাসনের জরুরি বৈঠক হয়। বৈঠকে ছাত্রদল বিশ্ববিদ্যালয় প্রশাসনকে তিনটি শর্ত দেয়। শর্তগুলো হলো বিশ্ববিদ্যালয় ছাত্রদল সভাপতি পারভেজ মল্লিকসহ অন্য নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার করতে হবে, প্রশাসনকে অগ্রাহ্য করে ছাত্রলীগের সভাপতি ছাত্রদলের সভাপতির বিরুদ্ধে মামলা করায় তাঁকে প্রশাসনের কাছে দুঃখ প্রকাশ করতে হবে এবং মঙ্গলবার ঢাকা থেকে ক্যাম্পাসগামী বাস চলাচলে বাধাদানকারী ছাত্রলীগ নেতা-কর্মীদের শাস্তি দিতে হবে।

পারভেজ মল্লিক বলেন, আমাদের শর্ত মানা না হলে ক্যাম্পাসে ছাত্রলীগের সঙ্গে সহাবস্থান কখনোই সম্ভব নয়।

ছাত্রলীগের সভাপতি সোহেল পারভেজ ও সাধারণ সম্পাদক মাহমুদ নাসের জনি জানিয়েছেন, চলমান ভর্তি পরীক্ষায় হাজার হাজার শিক্ষার্থীর কথা চিন্তা করে তাঁরা ধর্মঘট কর্মসূচি শিথিল করেছেন।

মুক্তিযুদ্ধ, গণতন্ত্র ও বাঙালি জাতীয়তাবাদে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক আফসার আহমেদ বলেন, উপাচার্যের আশ্বাসের ভিত্তিতে ও ভর্তি পরীক্ষা দিতে আসা অসংখ্য পরীক্ষার্থীর কথা বিবেচনা করে আমরা ভর্তি পরীক্ষা বয়কট কর্মসূচি স্থগিত করেছি।